# এলপি গ্যাস লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

**উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪।**

সূত্র : ২৮.২৭.০০০০.০০৫.১৮.০০৫.২৫-৯৮ তারিখ: ২১/০৫/২০২৫ খ্রি:

## তালিকাভূক্তি বিজ্ঞপ্তির সংশোধনী।

জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৭ সময়কালের জন্য (দুই বছর) এলপি গ্যাস লিমিটেড এ বিভিন্ন পণ্য/কাজ/সেবা ক্রয় করার নিমিত্তে প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার/ব্যবসায়ী/আমদানীকারক হিসেবে স্থানীয়ভাবে তালিকাভূক্তির জন্য সূত্র: ২৮.২৭.০০০০.০০৫.১৮.০০৫.২৫-৯১, তারিখ: ১৯/০৫/২০২৫ খ্রি: এর মাধ্যমে গত ২০/০৫/২০২৫ তারিখে দৈনিক আমার দেশ ও দৈনিক আজাদী পত্রিকায় প্রকাশিত হয়। প্রকাশিত তালিকাভূক্তির বিজ্ঞপ্তিতে নতুন ০৩(তিন)টি কাজ/সেবা নিম্নোক্তভাবে সংযোজিত হবে। সে মোতাবেক, পত্রিকায় প্রকাশিত তালিকাভূক্তি বিজ্ঞপ্তির সংশোধনী নিম্নরূপ:

| ক্রয়কারী কর্তৃপক্ষ | সংযোজিত কাজ/সেবার বিবরণ | ফরমের মূল্য (অফেরতযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|
| এলপি গ্যাস লিমিটেড উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪ | ১. পূর্ত নির্মাণ<br>২. সিলিন্ডার মেরামত<br>৩. প্ল্যান্ট ও অন্যান্য মেশিনারীজ রক্ষণাবেক্ষণ | ৫০০.০০ (পাঁচশত) টাকা | গত ২০/০৫/২০২৫ তারিখে পত্রিকায় প্রকাশিত তালিকাভূক্তি বিজ্ঞপ্তি'তে বর্ণিত দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরণের তারিখসহ অন্যান্য পণ্য/কাজ/সেবার বিবরণ এবং শর্তসমূহ অপরিবর্তিত থাকবে। |

২১/০৫/২৫

(প্রকৌ. তালুকদার ওয়ালীউল্লাহ্)
ব্যবস্থাপক (এইচআর ও লিগ্যাল)
মোবাইল নম্বর: ০১৭১৬১০৩০৪৯

# এলপি গ্যাস লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

**উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪।**

সূত্র : ২৮.২৭.০০০০.০০৫.১৮.০০৫.২৫-৯১

তারিখ: ১৯/০৫/২০২৫ খ্রি:

## তালিকাভূক্তি বিজ্ঞপ্তি।

জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৭ সময়কালের জন্য (দুই বছর) এলপি গ্যাস লিমিটেড এ বিভিন্ন পণ্য/কাজ/সেবা ক্রয় করার নিমিত্তে প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার/ব্যবসায়ী/আমদানীকারক হিসেবে স্থানীয়ভাবে তালিকাভূক্তির জন্য সিলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রয়কারী কর্তৃপক্ষ | পণ্য/কাজ/সেবার বিবরণ | ফরমের মূল্য (অফেরতযোগ্য) | তালিকাভূক্তির ফরম বিক্রয়ের সময়সীমা | ফরম জমাদানের তারিখ ও সময় | উন্মুক্তকরণের তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|---|---|
| এলপি গ্যাস লিমিটেড উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪ | ১. হার্ডওয়ার মালামাল<br>২. খুচরা যন্ত্রাংশ<br>৩. বৈদ্যুতিক মালামাল<br>৪. স্টেশনারি মালামাল<br>৫. প্রিন্টিং সামগ্রী<br>৬. কম্পিউটার/প্রিন্টার/ফটোকপি মেশিনের যন্ত্রাংশ সরবরাহ/মেরামত<br>৭. যানবাহনের যন্ত্রাংশ সরবরাহ/মেরামত | ৫০০.০০ (পাঁচশত) টাকা | ২০/০৫/২০২৫ খ্রি: হতে ১৬/০৬/২০২৫ খ্রি: পর্যন্ত অফিস চলাকালীন সময়ে। | ১৭/০৬/২০২৫ খ্রি: সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত। | ১৭/০৬/২০২৫ খ্রি: দুপুর ২.৪০ ঘটিকায়, কোম্পানি'র পতেঙ্গাস্থ প্রধান কার্যালয়। |

১। বিস্তারিত নিয়ম ও শর্তাদি সম্বলিত দরপত্র ফরম সকল কার্যদিবসে নগদ মূল্যে ক) এলপি গ্যাস লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪ এবং খ) এলপি গ্যাস লিমিটেড, কৈলাশটিলা, গোলাপগঞ্জ, সিলেট থেকে ১৬/০৬/২০২৫ তারিখ বেলা ১৬০০ ঘটিকা পর্যন্ত ক্রয় করা যাবে।

২। **প্রত্যেক গ্রুপের জন্য আলাদা আলাদাভাবে ফরম ক্রয় করতে হবে।**

৩। ফরমের সাথে প্রত্যেক গ্রুপের জন্য আলাদা আলাদাভাবে দরপত্র জামানত/আর্নেস্ট মানি দরপত্র ফরম অনুযায়ী "এলপি গ্যাস লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪" এর অনুকূলে জমা দিতে হবে।

৪। ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান তালিকাভুক্ত আছে তাদের হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN, BIN ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এবং আয়কর রিটার্ণ প্রাপ্তিস্বীকার পত্র জমা প্রদান এবং যে গ্রুপে তালিকাভুক্ত আছে সে সংক্রান্ত ব্যবসায়ী দোকান/অফিস থাকা সাপেক্ষে তাদের তালিকাভুক্ত নবায়ন করা হবে অন্যথায় তালিকাভুক্তি বাতিল করা হবে।

৫। দরপত্র ফরম www.lpgl.gov.bd থেকে ডাউনলোড করা যাবে, তবে ডাউনলোডকৃত ফরমের মাধ্যমে দরপত্র দাখিল করার ক্ষেত্রে যথানিয়মে ফরম ক্রয়ের মূল রশিদ সংগ্রহ করে জমা দিতে হবে।

৬। এলপি গ্যাস লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১৯/০৫/২৫

(প্রকৌ. তালুকদার ওয়ালীউল্লাহ্)
ব্যবস্থাপক (এইচআর ও লিগ্যাল)
মোবাইল নম্বর: ০১৭১৬১০৩০৪৯

**এলপি গ্যাস লিমিটেড**
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠান)
**উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।**

**"বিভিন্ন পণ্য/কাজ/সেবা ক্রয় করার নিমিত্তে প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির দরপত্র"**

# দরপত্র ফরম

| | | | |
|---|---|---|---|
| ১ | আবেদনকারীর বিবরণ | | |
| | সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম | : | |
| ২ | প্রধান কার্যালয়ের পূর্ন ঠিকানা | : | |
| | | | ফোন নং: মোবাইল নং: |
| | | | ফ্যাক্স নং: ই-মেইল নং: |
| ৩ | শাখা কার্যালয়ের পূর্ণ ঠিকানা (যদি থাকে) | : | |
| ৪ | ব্যবসায়িক প্রয়োজনে যোগাযোগ/চুক্তিপত্রের স্বাক্ষরের ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম, নমুনা স্বাক্ষর এবং মোবাইল নম্বর | : | নাম:<br>স্বাক্ষর:<br>মোবাইল নং: |

**৫। নিম্নলিখিত শ্রেণি বিন্যাসিত সামগ্রী সরবরাহের তালিকাভূক্ত হতে আগ্রহী শ্রেণি/উপ-শ্রেণিসমূহের পাশ্বে টিক মার্কসহ স্বাক্ষর করতে হবে।**

| গ্রুপের নাম: | | **স্বাক্ষর** |
|---|---|---|
| (i) শ্রেণি: হার্ডওয়্যার মালামাল; যেমন- হার্ডওয়্যার/সেনিটারি মালামাল/রং এর কাজের সকল ধরণের মালামাল ও সরঞ্জাম সরবরাহ/রংকরার কাজ/প্লাম্বিং ও সেনিটারি নির্মাণ কাজ/মেরামত কাজ। | : | ------------------------------------ |
| (ii) শ্রেণি: খুচরা যন্ত্রাংশ; যেমন- | | |
| (ক) উপ-শ্রেণি: মেকানিক্যাল কাজের সাথে সংশ্লিষ্ট মালামাল সরবরাহ। | : | ------------------------------------ |
| (খ) উপ-শ্রেণি: মেশিনের স্পেয়ার্স পার্টস এবং যন্ত্রাংশ সরবরাহ। | : | ------------------------------------ |
| (গ) উপ-শ্রেণি: অগ্নিনির্বাপক ফায়ার এক্সটিংগুইসার ও সংশ্লিষ্ট অন্যান্য মালামাল সরবরাহ, মেরামত, পুন:ভর্তিকরণ, ফায়ার ফাইটিং সিস্টেম সংশ্লিষ্ট যন্ত্রপাতি সরবরাহ, ফায়ার হাইড্রেন্ট স্থাপন কাজ। | : | ------------------------------------ |
| (iii) শ্রেণি: বৈদ্যুতিক মালামাল; যেমন- | | |
| (ক) উপ-শ্রেণি: বৈদ্যুতিক পণ্য/উপকরণ/যন্ত্রাংশ/সরঞ্জাম ও ফিটিং সরবরাহ | : | ------------------------------------ |
| (খ) উপ-শ্রেণি: বৈদ্যুতিক উপকরণ/যন্ত্রাংশ/সরঞ্জাম নির্মাণ/স্থাপন ইত্যাদি | : | ------------------------------------ |
| (iv) শ্রেণি: স্টেশনারি মালামাল সরবরাহ যেমন- | | |
| (ক) উপ-শ্রেণি: অফিস স্টেশনারি সরবরাহ। | : | ------------------------------------ |
| (খ) উপ-শ্রেণি: ইউনিফরমের কাপড় ও সেলাই, গামবুট, জুতা, ছাতা, রেইনকোট, বেল্ট ইত্যাদি সরবরাহ। | : | ------------------------------------ |

(v) শ্রেণি: প্রিন্টিং/মুদ্রণ সামগ্রী সরবরাহ : ------------------------------------

(vi) শ্রেণি: কম্পিউটর, প্রিন্টার ও ফটোকপি মেশিন ও যন্ত্রাংশ সরবরাহ/মেরামত

(ক) উপ-শ্রেণি: কম্পিউটার, প্রিন্টার এবং আইটি সংশ্লিষ্ট মালামাল/যন্ত্রাংশ/সরঞ্জাম-সরবরাহ/মেরামত ইত্যাদি। : ------------------------------------

(খ) উপ-শ্রেণি: ফটোকপি মেশিন এবং সংশ্লিষ্ট মালামাল/যন্ত্রাংশ/সরঞ্জাম-সরবরাহ/মেরামত ইত্যাদি। : ------------------------------------

(vii) শ্রেণি: যানবাহনের যন্তাংশ সরবরাহ/মেরামত, যেমন-

(ক) উপ-শ্রেণি: যানবাহনের প্রয়োজনীয় যন্ত্রাংশ/মালামাল- সরবরাহ/মেরামত। : ------------------------------------

(খ) উপ-শ্রেণি: যানবাহনের প্রয়োজনীয় টায়ার-টিউব ও ব্যাটারি সরবরাহ। : ------------------------------------

(viii) শ্রেণি: পূর্ত/সিভিল নির্মাণ কাজ যেমন-

(ক) উপ-শ্রেণি: পূর্ত/সিভিল নির্মান কাজের সকল ধরণের মালামাল সরবরাহ/নির্মাণ কাজ/মেরামত কাজ। : ------------------------------------

(ix) শ্রেণি: সিলিন্ডার মেরামত : ------------------------------------

(x) শ্রেণি: প্ল্যান্ট ও অন্যান্য মেশিনারীজ রক্ষণাবেক্ষণ : ------------------------------------

৬। (ক) নতুন তালিকাভূক্তির ফি পে-অর্ডার/ডিডি'র বিবরণ (অফেরতযোগ্য)
(পে-অর্ডার/ডিডি নং, ব্যাংকের নাম, তারিখ ও টাকার পরিমাণ)
সকল উপ-শ্রেণির জন্য ৫,০০০/- টাকা। : ------------------------------------

(খ) তালিকাভূক্ত প্রতিষ্ঠানের নবায়ন ফি ২,০০০/- টাকা

(গ) জামানত পে-অর্ডার/ডিডি'র বিবরণসহ (ফেরতযোগ্য)
(পে-অর্ডার/ডিডি'র নং, ব্যাংকের নাম, তারিখ ও টাকার পরিমান)
প্রতি উপ-শ্রেণি-৪,০০০/- টাকা (নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে) : ------------------------------------
**০৬ (ছয়) বা ততোধিক সকল উপ-শ্রেণির জন্য ২০,০০০/-(দুই হাজার) টাকা**

৭। আবেদনকারীকে নিম্নোক্ত দলিলাদির মূল কপি অথবা ফটোকপি দরখাস্তের সাথে দাখিল করতে হবে।

(ক) ট্রেড লাইসেন্স (হালনাগাদ)। : ------------------------------------

(খ) আয়কর সার্টিফিকেট (হালনাগাদ)। : ------------------------------------

(গ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (হালনাগাদ)। : ------------------------------------

(ঘ) তফসিলি/সিডিউল ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার মূল (সিলযুক্ত) সনদপত্র। : ------------------------------------

(ঙ) টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল আইডি ইত্যাদি। : ------------------------------------

(চ) আবেদনকৃত গ্রুপের কাজের অভিজ্ঞতার প্রমানস্বরূপ কমপক্ষে ৩টি কাজের প্রমানপত্র। : ------------------------------------

(ছ) কালো তালিকাভূক্তি না হওয়ার অঙ্গিকার নামা। : ------------------------------------

(জ) শ্রেণি ২ এর উপ-শ্রেণি গ এর জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত সনদের ফটোকপি। : ------------------------------------

৮। প্রতিষ্ঠানের মালিকানার প্রমান স্বরুপ নিম্নোক্ত দলিল পত্র বিবরণ পেশ করতে হবে।

(ক) ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকের নাম ও পূর্ণ ঠিকানা এবং জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি। : ------------------------------------

(খ) অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকের নাম ও পূর্ণ ঠিকানা। : ------------------------------------

(গ) সীমিত দায়বদ্ধ প্রতিষ্ঠানের ক্ষেত্রে মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যাল অব এসোসিয়েশনের সত্যায়িত কপি : ------------------------------------

(ঘ) কোম্পানি আইনের অধীনে নিবন্ধনকৃত হলে নিবন্ধনের সত্যায়িত ফটোকপি। : ------------------------------------

----------------------------
দরপত্র দাতার স্বাক্ষর ও সিল

## এলপি গ্যাস লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠান)

**উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।**

**"বিভিন্ন পণ্য/কাজ/সেবা ক্রয় করার নিমিত্তে প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির দরপত্র"**

**সাধারণ শর্তাবলী:**

১। দরপত্র ফরম আগামী ২০/০৫/২০২৫ তারিখ হতে ১৬/০৬/২০২৫ তারিখ বিকেল ১৬.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ আগামী ১৭/০৬/২০২৫ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা এর মধ্যে এলপি গ্যাস লিমিটেড (এলপিজিএল) এর চট্টগ্রামস্থ প্রধান কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে ফেলতে হবে এবং একই তারিখে দুপুর ২.৪০ ঘটিকার সময় কোম্পানির প্রধান কার্যালয়ে উপস্থিত দরপত্র দাখিলকারীদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র ফরমের সাথে আবেদনকারীকে নতুন তালিকাভূক্তির জন্য ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা (যেসকল প্রতিষ্ঠান তালিকাভূক্তির জন্য মনোনীত হবে তাঁদের তালিকাভূক্তি ফি অফেরতযোগ্য) এলপি গ্যাস লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-এর অনুকূলে সরকার অনুমোদিত যে কোন তফসিলি ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার দাখিল করতে হবে।

২। তালিকাভূক্তির মেয়াদকাল ০২ (দুই) বছর।

৩। নিরাপত্তা জামানত হিসেবে যে কোন একটি উপ-শ্রেণির জন্য ৪,০০০/- (চার হাজার) টাকা (ফেরতযোগ্য) এবং ০৬ (ছয়) বা ততোধিক সকল উপ-শ্রেণির জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা (ফেরতযোগ্য) এলপিজিএল, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-এর অনুকুলে ডিডি/পে-অর্ডারের মাধ্যমে দরখাস্তের সাথে দাখিল করতে হবে। তালিকাভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে নবায়ন ফি ২,০০০/- টাকা। তবে, তালিকাভুক্ত প্রতিষ্ঠান নতুন কোন উপ-শ্রেণির সমূহের জন্য তালিকাভুক্ত হতে আগ্রহী হলে আবেদনকৃত উপ-শ্রেণির জন্য নতুন তালিকাভুক্ত প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য শর্তসমূহ পালন করতে হবে। দাখিলকৃত জামানতের টাকার উপর কোন প্রকার সুদ প্রদান করা হবে না।

৪। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ আবেদনকারী প্রতিষ্ঠান/সরবরাহকারীর অফিস/ওয়ার্কসপ/শো-রুমে পরিদর্শন করতে পারবে। পরিদর্শনকালে তালিকাভূক্তির আবেদনকারী কর্তৃক প্রকৃত ঠিকানা ও অন্যান্য তথ্যাদির অসংগতি প্রমাণিত হলে যে কোন দরখাস্ত/তালিকাভূক্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষন করে। তালিকাভূক্তির আবেদনকারী কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকাভূক্তির আবেদন করার পূর্বে কালো তালিকাভূক্ত (Black Listed) থাকার প্রমাণ পাওয়া গেলে তার আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫। যে কোন প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক এক গ্রুপ বা একাধিক গ্রুপের জন্য আবেদন করা যাবে। কোন অবস্থাতেই কোন গ্রুপ পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যসীমার পণ্য/কাজ/সেবার জন্য (প্রোপাইটরি সামগ্রী ব্যতিত) সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (CPTU) কর্তৃক নির্ধারিত Standard Documents অনুসরণপূর্বক সাধারণত স্ব-স্ব গ্রুপের তালিকাভুক্ত প্রতিষ্ঠানের নিকট থেকে সীমিত দরপত্র/দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের (RFQ) মাধ্যমে সর্বনিম্ন মূল্যায়িত দর ভিত্তিক ক্রয়/কাজ করা হবে। তবে টেন্ডারকৃত পণ্য সামগ্রী/কাজ প্রয়োজনবোধে তালিকাভুক্ত প্রতিষ্ঠান বর্হিভূত অন্যান্য উৎস থেকেও সংগ্রহ/ক্রয় করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭। তালিকাভূক্ত প্রতিষ্ঠানের সীমিত দরপত্র (এলটিএম)/ দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রে অংশগ্রহণকালে কোনরুপ টেন্ডার সিকিউরিটি/নিরাপত্তা জামানত/বিড বন্ড জমা দিতে হবে না। তবে নোটিফিকেশন অফ এওয়ার্ড (NOA)/কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে কোম্পানির ক্রয় নীতিমালা অনুযায়ী কার্যসম্পাদন জামানত (ফেরতযোগ্য) জমা দিতে হবে। কার্যাদেশে বর্ণিত মালামাল যথাসময়ে সরবরাহে ব্যর্থ হলে কার্যাদেশের শর্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। যদি কোন তালিকাভূক্ত সরবরাহকারী/ঠিকাদার প্রতিষ্ঠান পর-পর ০৩ (তিন) বার দরপ্রস্তাব প্রদান বা কার্যাদেশের শর্ত পালনে ব্যর্থ হয় তবে তাঁর নিরাপত্তা জামানতের (ফেরতযোগ্য) টাকা বাজেয়াপ্ত করা হবে। এবং তালিকাভূক্তি বাতিল বলে বিবেচিত হবে।

৯। পরবর্তীতে ঐ ঠিকাদার পুনরায় বাজেয়াপ্ত করা নিরাপত্তা জামানতের অর্থ পরিপূর্ণ করে তালিকাভুক্ত থাকতে পারবে। এরপরও যদি কোন ব্যত্যয় ঘটে তবে উক্ত সরবরাহকারী/ঠিকাদার প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা হবে।

১০। তালিকাভূক্ত প্রতিষ্ঠানসমূহকে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্রের শর্তসমূহ পালন করে দরপত্রে অংশ গ্রহণ করতে হবে। সীমিত দরপত্র (LTM)/দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ) ছাড়াও তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহ এলপিজিএল কর্তৃক অন্য যে কোন দরপত্র আহবান পদ্ধতিতে অংশ গ্রহণ করতে পারবে।

১১। এক বা একাধিক গ্রুপে (পণ্য সরবরাহ/কাজ) তালিকাভূক্তির জন্য সংশ্লিষ্ট কাজের ০৩ (তিন) টি কাজের প্রমাণক দাখিল করতে হবে। ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান তালিকাভুক্ত আছে তাদের হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN, BIN ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এবং আয়কর রিটার্ণ প্রাপ্তিস্বীকার পত্র জমা প্রদান এবং যে গ্রুপে তালিকাভুক্ত আছে সে সংক্রান্ত ব্যবসায়ী দোকান/অফিস থাকা সাপেক্ষে তাদের তালিকাভুক্ত নবায়ন করা হবে অন্যথায় তালিকাভুক্তি বাতিল করা হবে।

১২। এলপিজিএল কর্তৃপক্ষ কোম্পানির যে কোন কাজে কেবলমাত্র তালিকাভূক্তি প্রতিষ্ঠানের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতি/ দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র অনুসরণ করতে বাধ্য নয়। পণ্য/কাজ/সেবা ক্রয়ের জন্য যে কোন প্রযোজ্য পদ্ধতি কর্তৃপক্ষ ব্যবহার করতে পারবে এবং তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহ সে সব দরপত্র শর্তানুযায়ী গ্রহণ করতে হবে।

১৩। নিম্নবর্ণিত কারণে তালিকাভূক্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন:

ক) যদি কোন তালিকাভূক্ত প্রতিষ্ঠান পর-পর ০৩ (তিন) বার তালিকাভূক্তির শর্ত সম্বলিত সীমিত দরপত্র (LTM)/দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ) ও কার্যাদেশের শর্ত পালনে ব্যর্থ হয়।

খ) যদি কোন তালিকাভূক্ত প্রতিষ্ঠান সীমিত দরপত্র (LTM)/দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)-এ বর্ণিত কারিগরি বিনির্দেশ (Specification) অনুযায়ী মালামাল সরবরাহে ব্যর্থ হয়।

গ) যদি কোন তালিকাভুক্ত প্রতিষ্ঠান ব্যক্তিগত কারণে তালিকাভূক্তি বাতিলের লিখিত আবেদন জানান।

ঘ) এলপিজিএল কর্তৃপক্ষ কোন সরবরাহকারীর/ঠিকাদার প্রতিষ্ঠানকে তালিকাভূক্তি হতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ঙ) যদি কোন তালিকাভূক্ত প্রতিষ্ঠান কার্যাদেশের পণ্য সন্তোষজনকভাবে সরবরাহে ব্যর্থতার কারণে নিরাপত্তা জামানতের বাজেয়াপ্ত করা হলে বাজেয়াপ্ত অর্থ পুনরায় পরিপূর্ন না করলে।

চ) তালিকাভূক্তির শর্ত লঙ্ঘনের জন্য।

এলপি গ্যাস লিমিটেড

ব্যবস্থাপক (এইচআর ও লিগ্যাল)
পক্ষে, ব্যবস্থাপনা পরিচালক

**অঙ্গীকারনামা:**

উপরে বর্ণিত তথ্যাদি সম্পূর্ণ সত্য। আমি/আমরা সরবরাহকারী/ঠিকাদার/কর্মশালা প্রতিষ্ঠান হিসেবে তালিকাভূক্তি দলিলে বর্ণিত সকল শর্ত মেনে চলতে বাধ্য থাকব। শর্ত বহির্ভূত কোন বিরোধ/সমস্যা দেখা দিলে এলপিজিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে মেনে নেব। এলপিজিএল এর স্বার্থ বিরোধী কার্যকলাপ থেকে বিরত থাকব।

দরপত্র দাতার স্বাক্ষর ও তারিখ :------------------------------------------

আবেদনকারীর নাম ও পূর্ণ ঠিকানা:------------------------------------------

------------------------------------------

------------------------------------------

টেলিফোন/মোবাইল নম্বর :------------------------------------------

ই-মেইল নম্বর :------------------------------------------